

পরিসংখ্যান বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা।

Website: www.bb.org.bd

পরিসংখ্যান বিভাগ সার্কুলার নং-০৬/২০১৪

২১ ডিসেম্বর, ২০১৪

তারিখঃ -----

০৭ পৌষ, ১৪২১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা

বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

SBS-1, SBS-2, SBS-3 সহ Money and Banking সম্পর্কিত

অন্যান্য বিবরণী দাখিলের বিষয়ে Master Circular প্রসঙ্গে।

বাংলাদেশ ব্যাংক অর্ডার ১৯৭২ এর ৩৬(৩) ধারা মোতাবেক তফসিলি ব্যাংকসমূহ কর্তৃক বাংলাদেশ ব্যাংকের পরিসংখ্যান বিভাগে বিবরণীসমূহ নির্ধারিত সময়ে নির্ভুলভাবে দাখিলের লক্ষ্যে নিম্নবর্ণিত নির্দেশনাগুলো জারী করা হলো :

- ১। SBS-1 বিবরণী সংশ্লিষ্ট RIT এর মাধ্যমে ব্যাংকের দায় ও সম্পদের তথ্য/উপাত্ত মাসিক ভিত্তিতে পরবর্তী মাসের ২৫ তারিখের মধ্যে (BB Web Portal এর মাধ্যমে) দাখিল করতে হবে। উল্লেখ্য যে, OBU এর SBS-1 বিবরণীও উক্ত তারিখের মধ্যে একইভাবে দাখিল করতে হবে।
- ২। Supplementary Information on SBS-1 বিবরণী সংশ্লিষ্ট RIT এর মাধ্যমে Government Deposits এবং Government Borrowings এর তথ্য/উপাত্ত মাসিক ভিত্তিতে পরবর্তী মাসের ৭ তারিখের মধ্যে দাখিল করতে হবে।
- ৩। Bangladesh Govt. Treasury Bills and Bonds বিবরণী সংশ্লিষ্ট RIT এর মাধ্যমে Bills and Bonds সমূহের Break-up এর তথ্য/উপাত্ত মাসিক ভিত্তিতে পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে দাখিল করতে হবে।
- ৪। E-Banking ও E-Commerce বিবরণী সংশ্লিষ্ট RIT ত্রৈমাসিক ভিত্তিতে পরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে দাখিল করতে হবে।
- ৫। NFCD সুদের হারের বিবরণী সংশ্লিষ্ট RIT মাসিক ভিত্তিতে পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে দাখিল করতে হবে।
- ৬। Profit paid to Mudaraba Deposits বিবরণী সংশ্লিষ্ট RIT ইসলামী শরীআহ মোতাবেক পরিচালিত ব্যাংকসমূহ তাদের বার্ষিক প্রতিবেদন চূড়ান্ত হওয়ার ১০ (দশ) দিনের মধ্যে দাখিল করতে হবে।
- ৭। Income, Expenditure ও Profitability বিবরণী সংশ্লিষ্ট RIT বার্ষিক প্রতিবেদন চূড়ান্ত হওয়ার ১০ (দশ) দিনের মধ্যে দাখিল করতে হবে।

(চলমান পৃষ্ঠা-২)


(পৃষ্ঠা-২)

- ৮। প্রতি ত্রৈমাসিকের SBS-2 (Deposits & Withdrawals) ও SBS-3 (Advances & Bills) বিবরণী পরবর্তী মাসের ২০ তারিখের মধ্যে দাখিল করতে হবে।
- ৯। গ্রাহকের নতুন Account খোলার সময় Guidelines to Fill in the Banking Statistics Returns SBS-1, SBS-2 & SBS-3'এর ৫ম সংস্করণ অনুযায়ী SBS-2 ও SBS-3 Reporting Form টি (Chapter:10, Page:145-146) পূরণ করে Account Opening Form (KYC Form) এর সাথে সংযুক্ত আকারে সংরক্ষণ করতে হবে। একইসাথে আগামী ৬(ছয়) মাসের মধ্যে পুরাতন সকল Account এর KYC Form এর সাথে SBS-2 ও SBS-3 Reporting Form টি উক্ত Guidelines মোতাবেক Update করতে হবে। উল্লেখিত Form এর তথ্যাবলী মূল KYC Form এ সংযোজন বাধ্যতামূলক।
- ১০। প্রতি ত্রৈমাসিকের SBS-3.1 (Advances Classified by Economic Purposes) ও SBS-3.2 (Advances Classified by Sectors) বিবরণীগুলো পরবর্তী মাসের ৩০ তারিখের মধ্যে সংশ্লিষ্ট RIT মোতাবেক Web Portal এর মাধ্যমে Upload করতে হবে।
- ১১। প্রতি মাসের আমানত ও আগামের সুদ হারের বিবরণী পরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে সংশ্লিষ্ট RIT মোতাবেক Web Portal এর মাধ্যমে Upload করতে হবে।
- ১২। বাংলাদেশ ব্যাংকে বিবরণী দাখিলের নিমিত্তে নতুন শাখার কার্যক্রম চালু হওয়ার ৭ কর্মদিবসের মধ্যে শাখা কোডের জন্য আবেদন করতে হবে।
- ১৩। প্রতি বছর ৩১ ডিসেম্বর ভিত্তিক শাখা সমূহের তালিকা উক্ত Guidelines এর Annexure-A (Chapter:10, Page:151) অনুযায়ী জানুয়ারী মাসের ১০ তারিখের মধ্যে দাখিল করতে হবে।
- ১৪। উল্লেখিত বিবরণী দাখিলের শেষ তারিখে সরকারী ছুটি থাকলে পরবর্তী কর্মদিবসে তা দাখিল করতে হবে।
- ১৫। শাখা ও প্রধান কার্যালয়ে কর্মরত অভিজ্ঞ ও দক্ষ কর্মকর্তা দ্বারা উল্লেখিত বিবরণী নির্ভুলভাবে দাখিলের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

উল্লেখ্য, বিলম্বে বিবরণী দাখিলের কারণে বাংলাদেশ ব্যাংক অর্ডার ১৯৭২ এর ৩৬(৬) এবং ভুল তথ্য দাখিলের কারণে একই অর্ডারের ৩৬(৭) ধারা মোতাবেক জরিমানা আরোপের বিধান রয়েছে।

অনুগ্রহ পূর্বক প্রাপ্তি স্বীকার করবেন এবং সংশ্লিষ্ট সকলকে বিষয়টি অবহিত করবেন।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ আব্দুল বারী)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০১৩৫